

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.৩৩৩.১৬. ৮২



তারিখঃ ০৫/১২/২০১৯খ্রিঃ

বিষয় : সতর্কীকরণ প্রসঙ্গে।

আপনি জনাব মো: আখেরুজ্জামান, গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ এ অধ্যক্ষ হিসেবে কর্মরত আছেন। আপনি মানিকগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজে অধ্যক্ষ হিসেবে কর্মকালীনে উক্ত প্রতিষ্ঠানের চীফ ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) জনাব জাহিদুল হক এর বিনানুমতিতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন এবং উক্ত ডিগ্রী ব্যবহার করে ইনক্রিমেন্ট গ্রহণের অভিযোগ পাওয়া যায়। পরবর্তীতে এ বিষয়ে কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে একটি তদন্ত কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির প্রতিবেদন পাওয়া গেছে।

- ২। তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনে তদন্তকারী কর্মকর্তা উক্ত প্রতিষ্ঠানের চীফ ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) জনাব জাহিদুল হক এর বিনানুমতিতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন এবং উক্ত ডিগ্রী ব্যবহার করে ইনক্রিমেন্ট গ্রহণের অভিযোগটি সত্যতা পাওয়া গেছে মর্মে প্রতিবেদনে উল্লেখ করেন এবং আপনার বিরুদ্ধে অধ্যক্ষ হিসেবে প্রশাসনিক সিদ্ধান্ত সময়মত দিতে না পারায় দাপ্তরিক কাজকর্মে জটিলতা সৃষ্টি হয়েছিল বলে উল্লেখ করেছেন।
- ৩। আপনি একজন সরকারি কর্মকর্তা হিসেবে আপনার এহেন কার্যকলাপ দায়িত্ব ও কর্তব্যে অবহেলার সামিল।
- ৪। এমতাবস্থায়, আপনাকে ভবিষ্যতে এ ধরনের জটিল বিষয়ে যথাযথ প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে উর্দ্ধতন কর্তৃপক্ষের পরামর্শ নেয়া এবং ভবিষ্যতে যেন এ রকম জটিলতা তৈরী না হয় সে বিষয়ে প্রথমবারের মত সতর্ক করা হলো। ভবিষ্যতে এ ধরনের কার্যকলাপ পরিলক্ষিত হলে আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রাপক : জনাব মো: আখেরুজ্জামান
অধ্যক্ষ
গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাজীপুর।


(মোঃ আহিদুল ইসলাম)
যুগ্ম সচিব
ও
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


অনুলিপি:

- ১। অধ্যক্ষ, গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাজীপুর।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।